

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮৯৯

৫/ হাজ (হজ/হজ) (এшы। باتك)

পরিচ্ছেদঃ ৫৪. সাফা মারওয়ার মাঝে সা'ঈ করা।

باب أُمْرِ الصَّفَا وَالْمَرْوَةِ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكِ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، ح وَحَدَّثَنَا ابْنُ السَّرْحِ، حَدَّثَنَا ابْنُ وَهْبٍ عَنْ مَالِكِ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، أَنَّهُ قَالَ قُلْتُ لِعَائِشَةَ زَوْجِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَأَنَا يَوْمَئِذِ حَدِيثُ السِّنِ أَرَأَيْتِ قَوْلَ اللَّهِ تَعَالَى (إِنَّ الصَّفَا وَالْمَرْوَةَ مِنْ شَعَائِرِ اللَّهِ) فَمَا أَرَى عَلَى أَحَد شَيْئًا أَنْ لاَ يَطُّوَّفَ بِهِمَا . قَالَتْ عَائِشَةُ كَلاَّ لَوْ كَانَ كَمَا شَعَائِرِ اللَّهِ) فَمَا أَرَى عَلَيْهِ أَنْ لاَ يَطُّوَّفَ بِهِمَا إِنَّمَا أُنْزِلَتْ هَذِهِ الآيَةُ فِي الأَنْصَارِ كَانُوا تَقُولُ كَانَتْ هَذَهِ الآيَةُ فِي الأَنْصَارِ كَانُوا يُهِمَّا إِنَّمَا أُنْزِلَتْ هَذِهِ الآيَةُ فِي الأَنْصَارِ كَانُوا يُهِمَّا إِنَّمَا أُنْزِلَتْ هَذِهِ الآيَةُ فِي الأَنْصَارِ كَانُوا يُهِمَّلُونَ لِمَنَاةَ وَكَانَتْ مَنَاةُ حَذْوَ قُدَيْدٍ وَكَانُوا يَتَحَرَّجُونَ أَنْ يَطُوفُوا بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ فَلَمَ الله عليه وسلم عَنْ ذَلِكَ فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى (إِنَّ الصَّفَا وَالْمَرُوةَ مِنْ شَعَائِرِ اللَّهِ صلى الله عليه وسلم عَنْ ذَلِكَ فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى (إِنَّ الصَّفَا وَالْمَرُوةَ مِنْ شَعَائِرِ اللَّهِ) .

বাংলা

১৮৯৯. আল কা'নবী হিশাম (রহঃ) থেকে তাঁর পিতার সূত্রে বর্ণিত। আমি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর স্ত্রী আয়েশা (রাঃ)-কে আমার ছেলেবেলায় জিজ্ঞাসা করি, আপনি আমাকে আল্লাহ্ তা'লার বানীঃ ''নিশ্চই সাফা ও মারওয়া আল্লাহর নির্দেশাবলীর অর্ন্তভূক্ত'' সম্পর্কে কিছু বলেন। আমার মনে হয়, যদি কেউ এর তাওয়াফ ত্যাগ করে সে গুনাহ্গার হবে না। আয়েশা (রাঃ) বলেন, এরূপ কখনো নয়। তুমি যেরূপ বলেছ, যদি তাই হতো তবে আয়াতটি এরূপ হতোঃ তার উপর (হজ্জ্ ও উমরাকারীর) কোন গুনাহ্ নেই, যদি সে উভয়ের তাওয়াফ না করে। বরং আয়াতটি আনসারদের শানে নাযিল হয়। তারা মানাতের (যিয়ারতের) উদ্দেশ্যে ইহরাম বাঁধত। মানাত ছিল কুদায়দ নামক স্থানে প্রতিষ্ঠত। তারা (জাহিলিয়াতের যুগে) সাফা-মারওয়ার মাঝে তাওয়াফ বর্জন করত। ইসলামের অভ্যূদয়ের পর তারা এ ব্যাপারে রাস্লুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞাসা করলে মহান আল্লাহ্ এই আয়াত নাযিল করেনঃ ''সাফা ও মারওয়া আল্লাহর নিদর্শনসমূহের অন্যতম।''

English



'Urwa bin Al Zubair said I said to A'ishah, wife of the Prophet() while I was a boy. What do you think about the pronouncement of Allaah, the Exalted "Lo! (The Mountains) Al Safa' and Al Marwah are among the indications of Allaah. "I think there is no harm for anyone if he does not run between them. A'ishah(may Allah be pleased with her) said Nay, had it been so as you said, it would have been thus. It is no sin on him not to go around them. This verse was revealed about the Ansaar, they used to perform hajj for Manat. Manat was erected in front of Qudaid. Hence they used to avoid going around Al Safa and Al Marwah. When Islam came, they asked the Apostle of Allaah() about it. Allaah, the Exalted therefore revealed the verse "Lo! (The Mountains) Al Safa' and Al Marwah are among the indications of Allaah.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ হিশাম ইবন উরওয়াহ (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন